

দৈনিক পূর্বকোণ

সর্বশেষ:

🏠 মূলপাতা	📍 চট্টগ্রাম	🌐 জাতীয়	🏠 জেলা-উপজেলা-গ্রাম	📄 আন্তর্জাতিক	📄 অর্থ-বাণিজ্য	🏆 খেলাধুলা	🎨 বিনোদন ও শিল্পকলা	📚 তথ্য প্রযুক্তি	🎓 শিক্ষা	🏠 প্রবাস	👤 চাকরি	👤 ধর্ম	📄 অন্যান্য বিভাগ
-----------	-------------	----------	---------------------	---------------	----------------	------------	---------------------	------------------	----------	----------	---------	--------	------------------



২৫ আগস্ট, ২০২২ | ১:৪২ অপরাহ্ন

বান্দরবান প্রতিনিধি

বান্দরবানে উইমেন চেম্বারের হস্তশিল্প তৈরির প্রশিক্ষণ

নারী উদ্যোক্তা তৈরি ও তাদের স্বাবলম্বী করতে বান্দরবানে উইমেন চেম্বার স্থানীয়ভাবে পর্যটন নির্ভর বিভিন্ন হস্তশিল্প সামগ্রী তৈরির উদ্যোগ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে কলা গাছের সুতা থেকে বহুমুখী পণ্য তৈরির জন্য নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

বৃহস্পতিবার (২৫ আগস্ট) সকালে বান্দরবান শহরের আইসিডিডিআরবি মিলনায়তনে তিন দিন ব্যাপী পণ্য তৈরির প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি।

বান্দরবান উইমেন চেম্বারের সভাপতি লালছানি লুসাই এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার রাজীব বিশ্বাস, প্রেস ক্লাবের সভাপতি আমিনুল ইসলাম বাচ্চু প্রমুখ।

প্রশিক্ষণে বান্দরবানের বিভিন্ন এলাকার ৩০ জন নারী উদ্যোক্তা এতে অংশগ্রহণ করে।

প্রসঙ্গত, বান্দরবানে জেলা প্রশাসনের সহযোগিতায় স্থানীয় উদ্যোক্তা তৈরি ও পর্যটন নির্ভর হস্ত শিল্প সামগ্রী তৈরির লক্ষে সম্প্রতি কলাগাছ থেকে সুতো উৎপাদনের একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়। বান্দরবান উইমেন চেম্বার হস্তশিল্প তৈরিতে নারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

পূর্বকোণ/পিআর/এসি

শেয়ার করুন



0

Shares

মন্তব্য দিন :

[gs-fb-comments]

পূর্বকোণ ভিডিও

